তথ্যবিবরণী নম্বর-৪৭

**নগরীতে অনুমোদনবিহীন বেকারিকে বিএসটিআই'র জরিমানা**

রাজশাহী, ০৪ ভাদ্র (১৯ আগস্ট):

বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই) রাজশাহী বিভাগীয় কার্যালয়ের উদ্যোগে আজ মঙ্গলবার (১৯ আগস্ট) সকালে মহানগরীতে একটি ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়। এতে বিএসটিআই'র গুণগত মানসনদ গ্রহণ ও নবায়ন না করে চানাচুর, বিস্কুট, কেক ও পাউরুটি উৎপাদন ও বিক্রয়-বিতরণ এবং পণ্যের মোড়কে অবৈধভাবে বিএসটিআই এর মানচিহ্ন ব্যবহার করায় সাহেব বাজার জিরো পয়েন্ট এলাকায় অবস্থিত বেঙ্গল বেকারি এন্ড কনফেকশনারিকে 'বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন আইন-২০১৮' অনুসারে ১০ হাজার টাকা জরিমানা করা হয়। প্রতিষ্ঠানটিকে গুণগত মানসনদ প্রাপ্তির পূর্ব পর্যন্ত সকল প্রকার উৎপাদন ও বিক্রয়-বিতরণ বন্ধ রাখতে নির্দেশ প্রদান করা হয়।

রাজশাহী জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট অয়ন ফারহান শামস এর নেতৃত্বে পরিচালিত উক্ত মোবাইল কোর্টে প্রসিকিউটর হিসেবে দায়িত্ব পালন করেন বিএসটিআই রাজশাহী বিভাগীয় অফিসের সার্টিফিকেশন মার্কস উইং কর্মকর্তা প্রকৌশলী জুনায়েদ আহমেদ।

........................................................................

আলীম/তৌহিদ/আতিক/স্মিতা/ রুহুল/হালিম/২০২৫/১৬.০০ঘ